

গোপাল কিরণে মন কর খোলসা,  
( কুমুদ ) পুরিবেরে তোর সকল অভাব ।

—কুমুদরঞ্জন



৬ নং

তাল—একতালা                      রাগিনী—ভৈরবী

ভোর হইল নিশি, জাগ হে জগৎবাসী,  
জাগিয়ে লও হরির নাম হে ।  
বসিয়ে গাও গুণ গান হে ॥

(১)

হৃদি-কুঞ্জ কাননে, শ্রীগুরুর সনে আনন্দে হরিগুণ গাও হে ।  
হৃদি বৃন্দাবনে, গুরু চরণে মন তুলসী নয়ন জল দাও হে ॥

(২)

এই সু-প্রভাতে, গুরুর প্রেমে মেতে, গুরুচাঁদের জয় ২ দাও হে ।  
গুরুর শ্রীপাদপদ্মে ভ্রমর হইয়ে, প্রেমের মধু ছেকে খাও হে ॥

(৩)

পশু পাখী সবে, বসিয়ে এবে, আনন্দে হরিগুণ গান গাও হে ।  
মানব হইয়ে মায়াতে মজিয়ে, কেন রহিলে ঘুমাইয়ে হে ॥

(৪)

নিশি আবাসনে, হরিগুণ গানে, মন মতিকে লাগাও হে ।  
তবে আসিবে ভকতি, পালাবে কুমতি, সুমতির আনন্দ বাড়িবে হে ॥